

রুশ বিশ্ববিদ্যালয়ে বাংলায় পাঠ্যপুস্তক

■ সমকাল ডেস্ক

আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে বাংলা ভাষায় পাঠ্যপুস্তক প্রকাশ করেছে রাশিয়ার একটি বিশ্ববিদ্যালয়। মস্কো স্টেট ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল রিলেশনস 'বাংলাদেশ : ইতিহাস ও রাজনীতি' নামের বইটি প্রকাশ করে। বাংলা ভাষার বিশেষজ্ঞ রুশ ভাষাবিদ ড. ইরিনা প্রোকোফিভা এবং ইউলিয়া কালিনিনা যৌথভাবে এ বই লেখেন। গত মঙ্গলবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, বাংলা ভাষায় উচ্চতর জ্ঞান অর্জন ও চর্চায় আগ্রহীদের জন্য বইটি প্রকাশ করা হয়েছে। বাংলা ভাষার পাশাপাশি বাংলাদেশের অভ্যন্তরীণ ও পররাষ্ট্র নীতি এর আলোচ্য বিষয়। খবর ইউএনবি। মস্কো স্টেট ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল রিলেশনস, এমজিআইএমও ইউনিভার্সিটি নামেও পরিচিত। রাশিয়ার পররাষ্ট্র মন্ত্রণালয়



■ পৃষ্ঠা 8 : কলাম ৭

রুশ বিশ্ববিদ্যালয়ে

[দ্বিতীয় পৃষ্ঠার পর]

পরিচালিত প্রতিষ্ঠানটি দেশটির সবচেয়ে গুরুত্বপূর্ণ বিশ্ববিদ্যালয় হিসেবে বিবেচিত। কয়েক দশক ধরেই সেখানে বাংলা পড়ানো হচ্ছে।

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে প্রকাশিত বইটির মূল লক্ষ্য- জটিল রাজনৈতিক বিষয়বস্তু বাংলায় এবং বাংলা থেকে অনুবাদে ছাত্রছাত্রীদের সাহায্য করা। বসবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ভাষণসহ ইতিহাসের গুরুত্বপূর্ণ দলিলের এতে স্থান হয়েছে। 'বাংলাদেশ : ইতিহাস ও রাজনীতি' বই প্রকাশ বাংলাদেশ ও বাংলা ভাষা সম্পর্কে রুশদের আগ্রহী করে তোলার পাশাপাশি দু'দেশের সম্পর্ক আরও দৃঢ় করবে বলে বিজ্ঞপ্তিতে আশা প্রকাশ করা হয়।

বইয়ের লেখক ড. ইরিনা প্রোকোফিভা রাশিয়ার প্রখ্যাত ভাষাবিদ এবং বাংলাদেশসহ দক্ষিণ এশিয়ার সাহিত্য ও সংস্কৃতির বিশেষজ্ঞ। বাংলা ভাষার শিক্ষক হিসেবেও তিনি গুরুত্বপূর্ণ। এর আগে তিনি উচ্চ মাধ্যমিক পর্যায়ের বাংলা বিষয়ে দুটি বই লিখেছেন। ড. ইরিনার এক সময়ের ছাত্রী ইউলিয়া কালিনিনা ঢাকায় রুশ দূতাবাসে বেশ কয়েক বছর কাজ করেন। পরে তিনি এমজিআইএমও ইউনিভার্সিটিতে বাংলা পড়ান।